চতুর্থ অধ্যায়

রাজস্ব নীতি ও ব্যবস্থাপনা

বিশ্বের বৃহৎ দেশগুলোর মধ্যে চলমান বানিজ্য অস্থিরতা এবং জুলাই পরবর্তী দেশ গঠনের লক্ষ্য কে সামনে নিয়ে রাজস্ব প্রবৃদ্ধির পাশাপাশি অর্থনীতিতে গতি সঞ্চারের লক্ষ্যে সরকার কাজ করছে। চলতি অর্থবছর ২০২৪-২৫ এর সংশোধিত রাজস্ব আদায় লক্ষ্য ৫,১৮,০০০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে, যা দেশের মোট জিডিপির ৯.৩৩ শতাংশ; এর মধ্যে, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) সূত্রে রাজস্ব আদায় নির্ধারিত হয়েছে ৪,৬৩,৫০০ কোটি টাকা (জিডিপির ৮.৩৫ শতাংশ), এনবিআর বহির্ভূত কর রাজস্ব আদায় নির্ধারিত হয়েছে ১৪,৫০০ কোটি টাকা (জিডিপির .২৬ শতাংশ) এবং কর-বহির্ভূত রাজস্ব নির্ধারিত হয়েছে ৪০,০০০ কোটি টাকা (জিডিপির ০.৭২%)। এনবিআর এর তথ্য অনুযায়ী, জুন ২০২৫ পর্যন্ত মোট রাজস্ব আদায় দাঁড়িয়েছে ৩,৭০,৮৭৪.০৩ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার ৮০.০১ শতাংশ। সংশোধিত বাজেট অনুযায়ী, অর্থবছর ২০২৪-২৫ এর মোট ব্যয়ের লক্ষ্য নির্ধারিত হয়েছে ৭,৪৪,০০০ কোটি টাকা (জিডিপির ১৩.৪০শতাংশ), যা পূর্ববর্তী অর্থবছর ২০২৩-২৪ এর তুলনায় ০.৮৮ হ্রাস পেয়েছে। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির (আরএডিপি) আকার নির্ধারিত হয়েছে ২,৩১,৫৯৯ কোটি টাকা স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনগুলোর নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পসমূহ বাদ দিয়ে), যা গত অর্থবছরের তুলনায় ১০.৯৩ শতাংশ হ্রাস পেয়েছে। রাজস্ব ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সরকার বাজেট ঘাটতি জিডিপির ৫ শতাংশের মধ্যে সীমাবদ্ধ রাখার ব্যাপারে সতর্ক রয়েছে। ২০২৪-২৫ অর্থবছরের বাজেট ঘাটতি দাঁড়াবে জিডিপির ৪.৬ শতাংশ যা পূর্ববর্তী ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে ছিল ৪.৭ শতাংশ। ২০২৪-২৫ অর্থবছরে প্রাপ্ত বৈদেশিক অনুদান ও ঋণের প্রবাহের পরিমাণ হলো ৮,৫৬৮.৪০ মিলিয়ন মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় ১৬.৬৮ শতাংশ কম।

সরকারের বিনিয়োগ ও ব্যয় পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় রাজস্ব আহরণের লক্ষ্যে রাজস্ব ব্যবস্থাপনাকে শক্তিশালী করার বিভিন্ন সংস্কার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়াও, ২০২৬ সালে বাংলাদেশের স্বল্পোন্নত দেশ থেকে মধ্যম আয়ের দেশে উত্তরণের দিকে লক্ষ্য রেখে উত্তরণ পরবর্তী সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা ও তার আলোকে প্রস্তুতি গ্রহণের জন্য ইতোমধ্যে ট্যারিফ যৌক্তিকীকরণ এবং সামগ্রিকভাবে রাজস্ব ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। কর-বহির্ভূত রাজস্ব এবং এনবিআর বহির্ভূত কর আহরণেও নানাবিধ পদক্ষেপ চলমান রয়েছে। এ লক্ষ্যে কর-বহির্ভূত রাজস্ব এবং এনবিআর বহির্ভূত কর আহরণ নীতি প্রণয়নের কাজ চলছে।

রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা

২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব আহরণের সংশোধিত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ৫,১৮,০০০ কোটি টাকা, যা জিডিপি'র ৯.৩৩ শতাংশ। এর মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক কর রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা ৪,৬৩,৫০০ কোটি টাকা (জিডিপি'র ৮.৩৫%), এনবিআর বহির্ভূত কর রাজস্ব ১৪,৫০০ কোটি টাকা (জিডিপি'র ০.২৬%) এবং কর-বহির্ভূত রাজস্ব ৪০,০০০ কোটি টাকা (জিডিপি'র ০.৭২%)। ২০১৭-১৮ অর্থবছর হতে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত রাজস্ব আয়ের সংশোধিত লক্ষ্যমাত্রা সারণি ৪.১ এ দেখানো হলো:

সারণি ৪.১: রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা

	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
কোটি টাকায়								
মোট রাজস্ব	২৫৯৪৫৪	৩১৬৫৯৯	৩৪৮০৬৯	৩৫১৫৩২	৩৮৯০০০	৪৩৩০০০	৪৭৮০০০	৫১৮০০০
কর রাজস্ব	২৩২২০২	২৮৯৫৯৯	৩১৩০৬৮	৩১৬০০০	৩৪৬০০০	৩৮৮০০০	৪২৯০০০	৪৬৩৫০০
কর বহির্ভূত রাজস্ব	২৭২৫২	২৭০০০	৩৫০০২	৩৫৫৩২	৪৩০০০	৪৫০০০	৪৯০০০	৪০০০০
জিডিপি'র শতকরা হারে								
মোট রাজস্ব	৯.৮৩	১০.৭৩	১০.৯৮	৯.৯৬	৯.৭৮	৯.৭৫	৯.৪৭	৯.৩৩
কর রাজস্ব	৮.৮০	৯.৮১	৯.৮৭	৮.৯৫	৮.৭০	৮.৭৪	৮.৫০	৮.৩৫
কর বহির্ভূত রাজস্ব	১.০৩	০.৯১	১.১০	১.০১	১.০৮	১.০১	০.৯৭	০.৭২

উৎস: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। নোট: ১) উপাত্তসমূহ সংশোধিত বাজেট ভিত্তিক ২) জিডিপির ভিত্তি বছর: ২০১৫-১৬

এনবিআর উৎস থেকে রাজস্ব আহরণ

২০২৪-২৫ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর আওতায় ৪,৮০,০০০ কোটি টাকা কর-রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। তবে, সংশোধিত লক্ষ্যমাত্রা কিছুটা কমিয়ে ৪,৬৩,৫০০ কোটি টাকা করা হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে এনবিআর-এর হিসাব অনুযায়ী রাজস্ব আহরণের পরিমাণ দাঁড়িয়েছে ৩,৭০,৮৭৫.০০ কোটি টাকা, যা সংশোধিত লক্ষ্যমাত্রার প্রায় ৮০.০১ শতাংশ। মূল্য সংযোজন কর (ভ্যাট) পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ১.৯৩ শতাংশ কমেছে, সম্পূরক শুল্ক (এসডি) এবং আয়কর পূর্ববর্তী অর্থবছরের তুলনায় যথাক্রমে ৩.৬৭ শতাংশ হ্রাস পেয়েছে এবং ৩.০৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সারণি ৪.২ ও লেখচিত্র ৪.১-এ ২০১৭-১৮ অর্থবছর হতে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত সময়ের খাতভিত্তিক রাজস্ব আহরণ দেখানো হলোঃ

সারণি ৪.২ এনবিআর কর্তৃক খাতভিত্তিক রাজস্ব আহরণ পরিস্থিতি

(কোটি টাকায়)

ক্রম নং	রাজস্ব আয়ের খাতসমূহ	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
০১।	আমদানী শূল্ক	২৪৩১৯.৭৮	২৪২৬৯.৫২	২৩৫৫৯.৫	৩০৪৫৫.৯১	৩৫২৭৬.৬৯	৩৯৯০৮.১	৩৮২৯২.২৭	৩৮০৭৬.০০
০২।	মূল্য সংযোজন কর (আমদানী পর্যায়ে)	২৯০৪৯.৭৮	৩১৪০০.৮৩	৩০০১৬.৬৪	৩৮২৭১.৭৮	৪৪৩২৮.৮৮	৪৪৮৩৮.১৬	৫০০৩৫.৬৭	৫১০০২.০০
০৩।	সম্পূরক শূল্ক (আমদানী পর্যায়ে)	৭৮৭৩.১১	৭৬৬৫.০১	৬৯৭৫.১৫	৮৪২২.১২	৯৮১৭.৯২	১০৫০৯.৫৬	১১৫৪০.৭৪	১১১১৭.০০
০৪।	রপ্তানী শূল্ক	৩৫.৮৮	৫৫.২৪	১.০৩	০.৬	০.৬৭	২.৮৪	০.১৫	৩.০৩
উপ-মোট		৬১২৭৮.৫৫	৬৩৩৯০.৬	৬০৫৫২.৩২	৭৭১৫০.৪১	৮৯৪২৪.১৬	৯৫২৫৮.৬৬	৯৯৮৬৮.৮৩	১০০১৯৮.০৩
০৫।	আবগারী শূল্ক (স্থানীয় পর্যায়ে)	২০৭২.৫৯	২৩৭৩.৩৮	২২৭৯.৪	২৪১৮.১৮	৩১০২.৬৭	৪১১০.৫৫	৪৪২০.৮	৫২৭২.২০
০৬।	মূল্য সংযোজন কর (স্থানীয় পর্যায়ে)	৪৬৭১৬.৪৫	৫৫৯৭১.১৯	৫৬০৮০.৬৯	৬৩৭৮৬.৭৭	৭২৬০৬.১৬	৮৫৫৬৪.৮৭	৮৮৩৮২.৮৭	৮৬৫০৮.০০
০৭।	সম্পূরক শূল্ক (স্থানীয় পর্যায়ে)	২৯৯০২.৭৪	২৮৮১৪.৫৩	২৫৪৭১.১২	৩০০৪৭.৭৩	৩১২৩৫.২	৩৪৪১১.২৩	৪২৩৩৮.৬৫	৪৩৯০০.২০
০৮।	টার্ণওভার কর	২.১৯	২.৫৩	১.১	১.৪৫	০.৬৫	১৩.২	১৬.৪১	২০.১৪
০৯।	অন্যান্য কর ও শূল্ক	০.	১৮.২	৬৩৪.৬৯	১২৫৩.০৯	১৪৭৪.১৭	১৩২৩.৩	২২৮৫.১২	৫৮৮৫.৪৬
উপ-মোট		৭৮৬৯৩.৯৭	৮৭১৭৯.৮৩	৮৮৪৬৭.	৯৭৫০৭.২২	১০৮৪১৮.৮৫	১২৫৪২৩.১৫	১৩৭৪৪৩.৮৫	১৪১৫৮৬.০০
মোট পরোক্ষ কর		১৩৯৯৭২.৫২	১৫০৫৭০.৪৩	১৪৫০১৯.৩২	১৭৪৬৫৭.৬৩	১৯৭৮৪৩.০১	২২০৬৮১.৮১	২৩৭৩১২.৬৮	২৪১৭৮৪.০৩
১০।	আয়কর	৬১১৪৪.৫	৬৯০৭৪.৫১	৭০৫০১.৪৯	৮৬৬৯৩.৯৪	৯৬০৮৭.৫	১০৬৭২২.৪১	১২৩২২৮.২১	১২৬৯৮০.০০
১১।	ভ্রমণ কর	১১৯৫.৯২	১১২৬.৬৮	৯৩০.৯৬	৩৩৭.৬৩	৮৯৪.৮৩	১৪৮১.৬৮	২২৫৬.৯১	২১১০.০০
উপ-মোট		৬২৩৪০.৪২	৭০২০১.১৯	৭১৪৩২.৪৫	৮৭০৩১.৫৭	৯৬৯৮২.৩৩	১০৮২০৪.০৯	১২৫৪৮৫.১২	১২৯০৯০.০০
মোট প্রত্যক্ষ কর		৬২৩৪০.৪২	৭০২০১.১৯	৭১৪৩২.৪৫	৮৭০৩১.৫৭	৯৬৯৮২.৩৩	১০৮২০৪.০৯	১২৫৪৮৫.১২	১২৯০৯০.০০
সর্বমোট		২০২৩১২.৯৪	২২০৭৭১.৬২	২১৬৪৫১.৭৭	২৬১৬৮৯.২	২৯৪৮২৫.৩৪	৩২৮৮৮৫.৯	৩৬২৭৯৭.৮০	৩৭০৮৭৪.০৩
এনবিআর রাজস্বে পরোক্ষ কর (%)		৬৯	৬৮	৬৭	৬৭	৬৭	৬৭	৬৫	৬৫
এনবিআর রাজস্বে প্রত্যক্ষ কর (%)		৩১	৩২	৩৩	৩৩	৩৩	৩৩	৩৫	৩৫

উৎস: জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।

লেখচিত্র ৪. ১: খাতভিত্তিক এনবিআর রাজস্ব আহরণের তুলনামূলক চিত্র:



জুন ২০২৫ পর্যন্ত।

এনবিআর বহির্ভূত কর রাজস্ব আহরণ

জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত করসমূহের মধ্যে রয়েছে মাদক শূল্ক, যানবাহন কর, ভূমি রাজস্ব, স্ট্যাম্প বিক্রয় (নন-জুডিশিয়াল) এবং সারচার্জ। ২০২৩-২৪ অর্থবছরে এনবিআর বহির্ভূত কর রাজস্ব আহরণের পরিমাণ দাঁড়ায় ৭,৮৬৭ কোটি টাকা, যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ১.৫৮ শতাংশ কম। ২০২৪-২৫ অর্থবছরে এ খাতে রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ১৫,০০০ কোটি টাকা। ২০২৪-২৫ অর্থবছরে এই উৎস থেকে সংগৃহীত করের পরিমাণ ছিল ৮,১৬১ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার ৫৪.৪ শতাংশ।

কর বহির্ভূত রাজস্ব আহরণ

কর বহির্ভূত রাজস্ব প্রাপ্তির প্রধান খাতসমূহের মধ্যে উল্লেখযোগ্য হলো- লভ্যাংশ ও মুনাফা, সুদ, প্রশাসনিক ফি, সেবা বাবদ প্রাপ্তি, অবাণিজ্যিক বিক্রয় এবং কর ব্যতীত অন্যান্য রাজস্ব ও প্রাপ্তি। গত ২০২৩-২৪ অর্থবছরে কর বহির্ভূত রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা ছিল ৪৯,০০০ কোটি টাকা। এ সময়ে রাজস্ব আহরণের পরিমাণ দাঁড়ায় ৪২,৫৯২ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার ৮৬.৯ শতাংশ। ২০২৪-২৫ অর্থবছরে কর-বহির্ভূত রাজস্ব আহরণের পরিমাণ ৫৭,১৬০ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার ৪৬,০০০ কোটি টাকার ১২৪ শতাংশ।

সরকারি ব্যয় ব্যবস্থাপনা

বিগত ২০১৯-২০ থেকে ২০২২-২৩ অর্থবছরের বাজেটে সরকারের মূল উদ্দেশ্য ছিল রাজস্ব ও আর্থিক প্রণোদনা প্যাকেজ সম্বলিত অর্থনৈতিক পুনরুদ্ধার কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে কোভিড-১৯ অতিমারির প্রভাব হ্রাস করা। সে লক্ষ্যে, স্বাস্থ্য, কৃষি, সমাজকল্যাণ, খাদ্য, দুর্যোগ ব্যবস্থাপনা এবং কর্মসংস্থান সুরক্ষার মতো খাতে উল্লেখযোগ্য পরিমাণে অতিরিক্ত বরাদ্দ দেয়া হয়েছিল। ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে সরকারি ব্যয়ের অগ্রাধিকারের ক্ষেত্র নির্ধারণে বিশ্ব অর্থনীতিতে চলমান অস্থিরতার প্রভাব কার্যকরভাবে মোকাবেলা এবং উন্নয়ন ও গনতান্ত্রিক ধারায় উত্তরনের জন্য প্রয়োজনীয় সংস্কার কার্যক্রমে বরাদ্দ প্রদানের উপর জোর দেয়া হয়েছে। সারণি ৪.৩-এ ২০১৭-১৮ অর্থবছর থেকে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত ব্যয়ের লক্ষ্যমাত্রাগুলি তুলে ধরা হলো।

সারণি ৪.৩: সরকারি ব্যয়ের লক্ষ্যমাত্রা

কোটি টাকায়

খাত	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
(ক) পরিচালন ব্যয়	২১০৫৭৮	২৬৬৯২৬	২৯৫২৮০	৩২৩৭২৫	৩৬৬৬২৭	৪১৪২৮৩	৪৫৩২২৮	৫০৬০০২
(খ) উন্নয়ন ব্যয়	১৫৩৬৮৮	১৭৩৪৪৯	২০২৩৪৯	২০৭৯৮৮	২২১৯৪৮	২৪১৬০৭	২৬০০০৭	২৩১৫৯৯
(গ) অন্যান্য ব্যয়	৭২২৯	২১৬৬	৩৯৪৮	৭২৭০	৪৯২৫	৪৬১৭	১১৮৩	৬৩৯৯
মোট ব্যয় (ক+খ+গ)	**৩৭১৪৯৫**	**৪৪২৫৪১**	**৫০১৫৭৭**	**৫৩৮৯৮৩**	**৫৯৩৫০০**	**৬৬০৫০৭**	**৭১৪৪১৮**	**৭৪৪০০০**
জিডিপি'র শতকরা হিসেবে (%)								
(ক) পরিচালন ব্যয়	৭.৯৮	৯.০৪	৯.৩১	৯.১৭	৯.২৩	৯.৩৩	৮.৯৮	৯.১১
(খ) উন্নয়ন ব্যয়	৫.৮২	৫.৮৮	৬.৩৮	৫.৮৯	৫.৫৯	৫.৪৪	৫.১৫	৪.১৭
(গ) অন্যান্য ব্যয়	০.২৭	০.০৭	০.১২	০.২১	০.১২	০.১০	০.০২	০.১২
মোট ব্যয় (ক+খ+গ)	**১৪.০৮**	**১৪.৯৯**	**১৫.৮২**	**১৫.২৭**	**১৪.৯৩**	**১৪.৮৭**	**১৪.১৫**	**১৩.৪০**

উৎস: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নোট: ১) উপাত্তসমূহ সংশোধিত বাজেটভিত্তিক।

২) উন্নয়ন ব্যয়ের মধ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি, এডিপি বহির্ভূত কাবিখা, এডিপি বহির্ভূত প্রকল্প ও রাজস্ব বাজেটের আওতায় উন্নয়ন কর্মসূচির বরাদ্দ অন্তর্ভুক্ত। অন্যান্য ব্যয়ের মধ্যে নীট খাদ্য হিসাব, ঋণ ও অগ্রিম হিসাব অন্তর্ভুক্ত।

৩) জিডিপির ভিত্তি বছর: ২০১৫-১৬।

পরিচালন ব্যয়

২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেটে পরিচালন ব্যয় বাবদ ৪,৫৩,২২৮ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়। তন্মধ্যে আবর্তক ব্যয় ৪,৩৪,০৫৭ কোটি টাকা (৯৫.৭৭%) এবং মূলধন ব্যয় ১৯,১৭০ কোটি টাকা (৪.২৩%)। পরিচালন ব্যয়ের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি খাতে বরাদ্দ: বেতন ও ভাতাদি ১৭.৬৬ শতাংশ, পণ্য ও সেবা ৯.৪৩ শতাংশ, সুদ পরিশোধ ২১.৭৩ শতাংশ (এর মধ্যে বৈদেশিক ঋণের সুদ ২.২৫%) এবং ভর্তুকি ও প্রণোদনা এবং চলতি স্থানান্তর ৪৪.৮২ শতাংশ।

২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বাজেটে মোট পরিচালন ব্যয় ৫,০৬,০০২ কোটি টাকা, যা পূর্ববর্তী অর্থবছরের সংশোধিত বরাদ্দের তুলনায় ১১.৬৪ শতাংশ বেশি। পরিচালন ব্যয়ের উল্লেখযোগ্য কয়েকটি খাতের বরাদ্দ: বেতন ও ভাতাদি ১৭.১৯ শতাংশ, পণ্য ও সেবা ৯.৮৮, সুদ পরিশোধ ২৩.২৩ শতাংশ, যার মধ্যে বৈদেশিক সুদ পরিশোধ ৩.৪৯ শতাংশ এবং ভর্তুকি ও প্রণোদনা এবং চলতি হস্তান্তর ৪৪.৭৬ শতাংশ। লেখচিত্র ৪.২-এ বিগত ৪ অর্থবছরের পরিচালন ব্যয়ের তুলনামূলক চিত্র দেখানো হল।

লেখচিত্র ৪.২: পরিচালন ব্যয় বরাদ্দের তুলনামূলক চিত্র

(কোটি টাকায়)



নোট: অন্যান্য এর মধ্যে রয়েছে থোক, সম্পদ সংগ্রহ ও পূর্ত কাজ, শেয়ার ও ইক্যুইটিতে বিনিয়োগ এবং বৈদেশিক আর্থিক সম্পদ।

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)

২০২৪-২৫ অর্থবছরে এডিপি'র আকার ২,৭৮,২৮৯.০০ কোটি টাকা, এর মধ্যে জিওবি খাতে বরাদ্দ ১,৬৫,০০০ কোটি টাকা (৫৯.২৯%) ও প্রকল্প সাহায্য ১,০০,০০০ কোটি টাকা (৩৫.৯৩%)। ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্প সংখ্যা ১৩৮৩*টি (বিনিয়োগ প্রকল্প-১,১৪৫টি, কারিগরি সহায়তা প্রকল্প-৮৩টি, সমীক্ষা প্রকল্প-২২টি)। ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত এডিপি'র বরাদ্দ ২,২৬,১৬৪ কোটি টাকা এর মধ্যে জিওবি খাতে বরাদ্দ ১,৪৪,৫৯৫ কোটি টাকা (বরাদ্দের ৬৩.৯৩%) ও প্রকল্প সাহায্য ৮১,৫৬৯ কোটি টাকা (৩৬.০৬%)। সারণি-৪.৪-এ ২০১৭-১৮ থেকে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত মূল ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বরাদ্দ ও ব্যয় (স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়ন ব্যতীত) দেখানো হলো:

সারণি ৪.৪: বার্ষিক উন্নয়ন কর্মসূচির মূল ও সংশোধিত বরাদ্দ ও ব্যয়ের বিবরণ

(কোটি টাকায়)

অর্থবছর	প্রকল্প সংখ্যা (মূল এডিপি)	এডিপি বরাদ্দ			প্রকল্প সংখ্যা (আরএডিপি)	সংশোধিত এডিপি বরাদ্দ			ব্যয় (সংশোধিত এডিপি বরাদ্দের ব্যয় %)		
		মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ	মোট (%)	টাকা (%)	প্রঃ সাঃ (%)
২০১৭-১৮	১১৯২	১৫৩৩৩১	৯৬৩৩১	৫৭০০০	১৫১১	১৪৮৩৮১	৯৬৩৩১	৫২০৫০	১৪১৪৯২ (৯৫.৪%)	৮৯১৫৫ (৯২.৬%)	৫২৩৩৭ (১০০.৬%)
২০১৮-১৯	১৪৫১	১৭৩০০০	১১৩০০০	৬০০০০	১৭৮৫	১৭৬৬২০	১২৪৯৬০	৫১৬৬০	১৫৮২৬৯ (৯৪.৮%)	১১১১৬৫ (৯৫.৮%)	৪৭১০৪ (৯২.৪%)
২০১৯-২০	১৫৬৪	২০২৭২১	১৩০৯২১	৭১৮০০	১৭৪৮	১৯৭৮৯৬	১৩২০৩১	৬৫৮৬৫	১৫৫৬৯৮ (৮০.৭%)	১০৮১৭২ (৮২.৬%)	৪৭৫২৬ (৭৬.৭%)
২০২০-২১	১৫১৭	২০৫১৪৫	১৩৪৬৪৩	৭০৫০২	১৭৮৫	১৯৭৬৪৩	১৩৪৬৪৩	৬৩০০০	১৬৪৪৮২ (৮৩.২%)	১১১৯৬৬ (৮৩.২%)	৫২৫১৬ (৮৩.৪%)
২০২১-২২	১৪৪৪	২২৫৩২৪	১৩৭৩০০	৮৮০২৪	১৬৬৩	২০৭৫৫০	১৩৭৩০০	৭০২৫০	১৯৩৮০৭ (৯২%)	১২৬৪৬৮ (৯২%)	৬৭৩৩৯ (৯৩%)
২০২২-২৩	১৪৪১	২৪৬০৬৬	১৫৩০৬৬	৯৩০০০	১৫২৫	২২৭৫৬৭	১৫৩০৬৬	৭৪৫০০	১৯২৯৬৪ (৮৪.৭৯%)	১২৫৬৮২ (৮২.১১%)	৬৭২৮২ (৯০.৩১%)
২০২৩-২৪	১৩৮৩	২৭৪৬৭৪.০২	১৬৯০০০	৯৪০০০	১৬৫০	২৫৪৩৯১	১৬১৫০০	৮৩৫০০	২০৫১১৮ (৮০.৬৩%)	১২৩৩৩৭ (৭৬.৩৭%)	৭১৯৬৮ (৮৬.১৯%)
২০২৪-২৫	১৩৫৩	২৭৮২৮৯.০০	১৬৫০০০	১০০০০০	১৪৬৮	২২৬১৬৪	১৪৪৫৯৫	৮১৫৬৯	১৫৩৪৫১ (৬৭.৮৫%)	৯০৮৯৯ (৬৭.৩৩%)	৫৩০৭৮ (৬৫.৫৩%)

উৎস: কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন ও আইএমইডি। নোট: সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়ন ব্যতীত। ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা প্রতিবেদন ও ২০২৪-২৫ অর্থবছরের আইএমইডি'র মাসিক বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

বার্ষিক উন্নয়ন কর্মসূচির খাতওয়ারি বরাদ্দ

বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়ন প্রক্রিয়াকে অটোমেশন করার জন্য ADP/RADP Management System (AMS) শীর্ষক ওয়েববেইজ পদ্ধতি ২০২০-২১ অর্থবছর হতে প্রচলন করা হয়েছে। এই উদ্যোগের অংশ হিসেবে, এডিপি'র ১৭টি সেক্টরের পরিবর্তে ১৫টি সেক্টরে পুনর্বিন্যাস করা হয়েছে। সে অনুযায়ী ২০২২-২৩,২০২৩-২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের এডিপি/আরএডিপি প্রণয়ন করা হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে সর্বোচ্চ বরাদ্দ দেওয়া হয়েছে পরিবহন খাতে, যা সংশোধিত এডিপির ২২.৩৪ শতাংশ, এর পরেই রয়েছে বিদ্যুৎ ও জ্বালানি খাত (১৪.৮৩%), শিক্ষা (৯.৪২%) এবং গৃহায়ন ও কমিউনিটি সুবিধাবলি (৯.১০%। সারণি ৪.৫-এ ২০২১-২২, ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের এডিপি'র খাতওয়ারি বিভাজনের চিত্র দেখানো হলো:

সারণি ৪.৫: বার্ষিক উন্নয়ন কর্মসূচির খাতওয়ারি বিভাজনের তুলনামূলক চিত্র

(অর্থবছর: ২০২১-২২, ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২০২৫)

(কোটি টাকা)

ক্রমিক নং	সেক্টর	২০২১-২২		২০২২-২৩		২০২৩-২৪		২০২৪-২০২৫	
		বরাদ্দ	%	বরাদ্দ	%	বরাদ্দ	%	বরাদ্দ	%
১	সাধারণ সরকারি সেবা	২৩৪৬.৪৯	১.১৩	২৩৩৪.৪২	১.০২	২৪৪২.৭৫	১.০০	১৪১০.৬৬	০.৬৫
২	প্রতিরক্ষা	৯৯৮.১১	০.৪৮	১২৮৭.৩৫	০.৫৬	৯২০.০২	০.৩৮	৭০১.৫৫	০.৩২
৩	জন শৃঙ্খলা ও সুরক্ষা	৩৪৭৮.০৫	১.৬৮	২৫১৫.৭৪	১.১	৩৩৭৬.৯২	১.৩৮	৩০৪৫.৬৪	১.৪১
৪	শিল্প ও অর্থনৈতিক সেবা	৪৫৩৭.৮৪	২.১৯	৪৬৮৮.৫১	২.০৪	৪৬৩০.৪৩	১.৮৯	৪৪৪৯.৫৪	২.০৬
৫	কৃষি	৭২৭৯.৪৮	৩.৫১	৯৩৯৩.৯৭	৪.০৯	১০৩১৭.৭৬	৪.২১	৯৬৫৫.৭৪	৪.৪৭
৬	বিদ্যুৎ ও জ্বালানি	৩৯২১৪.০৯	১৮.৮৯	৩৮৩১৬.৫৯	১৬.৬৯	৩৭৮৯৬.৭৩	১৫.৪৭	৩২০২৮.৯৪	১৪.৮৩
৭	পরিবহন ও যোগাযোগ	৫৫৮২৭.৩৬	২৬.৯০	৬১৮১০.২১	২৬.৯২	৬৩২৬৩.৩১	২৫.৮২	৪৮২৫৩.০১	২২.৩৪
৮	স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন	১৫৫২০.২৯	৭.৪৮	২০৩০৭.১৭	৮.৮৫	১৯৯৬৯.৭১	৮.১৫	১৬৯০৯.৪৮	৭.৮৩
৯	পরিবেশ, জলবায়ু পরিবর্তন এবং পানি সম্পদ	৯০৮৪.৯৮	৪.৩৮	১২৫৯৯.৯৬	৫.৪৯	১৪৩৯১.০০	৫.৮৭	১১৪০৭.০১	৫.২৮
১০	গৃহায়ন ও কমিউনিটি সুবিধাবলি	২৩৬৪৮.৫১	১১.৩৯	২৫৯৩৮.৫৩	১১.৩	২৮০০২.১৫	১১.৪৩	১৯৬৫৩.০৫	৯.১০
১১	স্বাস্থ্য	১৩৭৯৭.২৬	৬.৬৫	১২৭৪৫.৩৩	৫.৫৫	১২০৬৬.৭৬	৪.৯৩	৮৪৬৩.০৭	৩.৯২
১২	ধর্ম, সংস্কৃতি ও বিনোদন	২৬৬০.৩৩	১.২৮	৪২৭০.৬৬	১.৮৬	২৬৫৪.০১	১.০৮	২৩৫৮.০৪	১.০৯
১৩	শিক্ষা	২০৮২৪.৪৬	১০.০৩	১৮৪৩১.৩৬	৮.০৩	১৭২২৯.৯১	৭.০৩	২০৩৪৯.৮৯	৯.৪২
১৪	বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি	২৩৩৮.৮৭	১.১৩	২৩৪৩.৮৫	১.০২	৩৬৩৭.১২	১.৪৮	৪৩২৯.০১	২.০০
১৫.	সামাজিক সুরক্ষা	১৮০৭.৫২	০.৮৭	৩৬০৪.৮১	১.৫৭	২৭৫৪.৪৫	১.১২	২১৭৩.৮১	১.০১
মোট সেক্টর বরাদ্দ		২০৩৩৬৩.৬৪	৯৭.৯৮	২২০৫৫৮.৪৬	৯৬.০৮	২২৩৫৫৩.০৩	৯১.২৫	১৮৫১৮৮৮.৪৪	৮৫.৭৪
উন্নয়ন সহায়তা/ব্লক বরাদ্দ		৪১৮৬.৩৬	২.০২	৮৯৯৪.৫৮	৩.৯২	২১৪৪৬.৯৭	৮.৭৫	৩০৮১১.৫৬	১৪.২৬
সর্বমোট: সেক্টর বরাদ্দ + ব্লক বরাদ্দ		২০৭৫৫০.০০	১০০.০০	২২৯৫৮৩.০৪	১০০	২৪৫০০০	১০০	২১৬০০০.০০	১০০.০০

উৎস: কার্যক্রম বিভাগ।

উন্নয়ন কর্মসূচির অর্থায়ন-এ অভ্যন্তরীণ সম্পদের যোগান

২০১৭-১৮ থেকে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অর্থায়নে অভ্যন্তরীণ সম্পদের যোগানে কিছুটা তারতম্য পরিলক্ষিত হয়। ২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে অভ্যন্তরীণ উৎস থেকে সম্পদের যোগান ছিল ৬৪.৯২ শতাংশ। ২০১৮-১৯ অর্থবছরে এটি বৃদ্ধি পেয়ে ৬৯.৪৬ শতাংশে পৌঁছায়। আবার অভ্যন্তরীণ সম্পদের যোগান হ্রাস পেয়ে ২০১৯-২০ অর্থবছরে ৬৭.৮৬ শতাংশ, ২০২০-২১ অর্থবছরে ৫৯.৩৬ শতাংশ, ২০২১-২২ অর্থবছরে ৬৪.৫১ শতাংশ এবং ২০২২-২৩ অর্থবছরে ৬১.৭১ শতাংশ হয়। তবে, ২০২৩-২৪ অর্থবছরে উন্নয়ন সহায়তা/ঋণের বিশেষ সহায়তার কারণে অভ্যন্তরীণ সম্পদের যোগান বৃদ্ধি পেয়ে ৬৩.৬৫ শতাংশে পৌঁছায়। ২০২৪-২৫ অর্থবছরে এটি ৬২.২২ শতাংশে দাঁড়ায়। সারণি ৪.৬ তে গত কয়েক বছরের এডিপি অর্থায়নে অভ্যন্তরীণ সম্পদের পরিমাণ তুলে ধরা হলো।

সারণি ৪.৬: বার্ষিক উন্নয়ন কর্মসূচির অর্থায়নে অভ্যন্তরীণ সম্পদের পরিমাণ (কোটি টাকায়)

অর্থবছর	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
এডিপি	১৪৮৩৮১	১৬৭০০০	১৯২৯২১	১৯৭৬৪৩	২০৭৫৫০	২২৭৫৬৬	২৪৫০০০	২৬৫০০০
মোট অভ্যন্তরীণ সম্পদ	৯৬৩৩১	১১৩৯০০	১৩০৯২০	১৩৪৬৪৩	১৩৩৮৮৬	১৪০৪২৫	১৫৫৯৩৬	১,৬৫,০০০
এডিপি'র শতকরা হিসেবে মোট অভ্যন্তরীণ সম্পদ (%)	৬৪.৯২	৬৯.৪৬	৬৭.৮৬	৫৯.৩৬	৬৪.৫১	৬১.৭১	৬৩.৬৫	৬২.২২

উৎস: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। নোট: উপাত্তসমূহ সংশোধিত বাজেটভিত্তিক।

বাজেট ভারসাম্য ও অর্থায়ন

বাজেট ব্যবস্থাপনা আইন ২০০৯ অনুযায়ী বার্ষিক বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখার জন্য কার্যকর সকল ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে সরকার বাজেট ঘাটতি জিডিপির ৫ শতাংশের মধ্যে সীমাবদ্ধ রাখার ব্যাপারে পদক্ষেপ নিয়েছে। সারণি ৪.৭-এ ২০১৭-১৮ অর্থবছর থেকে সংশোধিত বাজেটভিত্তিক ঘাটতি এবং ঘাটতি অর্থায়নের চিত্র তুলে ধরা হলো। সারণি ৪.৮-এ অর্থ বিভাগের আইবাস++ এর তথ্য অনুযায়ী প্রকৃত বাজেট ঘাটতির (অনুদান ব্যতীত) তথ্য দেয়া হয়েছে।

সারণি ৪.৭: জিডিপির শতকরা হারে বাজেট ভারসাম্য ও অর্থায়ন

(জিডিপির শতাংশ)

	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
সার্বিক বাজেট ভারসাম্য (বৈদেশিক অনুদান ব্যতীত)	-৪.৯৮	-৪.৯৫	-৫.৬০	-৬.০৯	-৫.১২	-৫.১০	-৪.৭০	-৪.১
সার্বিক বাজেট ভারসাম্য (বৈদেশিক অনুদানসহ)	-৪.৭৮	-৪.৮০	-৫.৪৮	-৬.২৩	-৫.০৬	-৫.০০	-৪.৬০	-৪.০
নীট অভ্যন্তরীণ অর্থায়ন	২.৯৩	৩.১০	৩.৫৫	৩.৮২	৩.১২	৩.১৬	২.৯২	২.১০
নীট বৈদেশিক অর্থায়ন (অনুদান ব্যতীত)	১.৮৫	১.৭১	১.৯২	২.২৭	১.৯৮	১.৮৯	১.৭১	১.৮৮
নীট বৈদেশিক অর্থায়ন (অনুদানসহ)	২.০৫	১.৮৬	২.০৫	২.৪০	২.০০	১.৯৬	১.৭৮	১.৯৬

উৎস: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নোট: উপাত্তসমূহ সংশোধিত বাজেটভিত্তিক। ২০১৫-১৬ অর্থবছর থেকে ২০২০-২১ পর্যন্ত জিডিপি'র ভিত্তি বছর:২০০৫-০৬ এবং ২০২১-২২, ২০২২-২৩, ২০২৩-২৪,ও ২০২৪-২৫ অর্থবছরের জিডিপি'র ভিত্তিবছর ২০১৫-১৬।

সারণি ৪.৮: প্রকৃত বাজেট ঘাটতি

(জিডিপি'র শতাংশ)

অর্থবছর	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
বাজেট ঘাটতি (অনুদান ব্যতীত)	৪.৭	৪.৭	৪.৩	৪.৬	৪.৭	৪.৭	৪.৬

উৎস: *iBAS++* অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

বাজেট ঘাটতি অর্থায়ন

অভ্যন্তরীণ ঋণ

২০২৩-২৪ অর্থবছরে অভ্যন্তরীণ উৎস হতে সরকারের গৃহীত ঋণের পরিমাণ (নীট) দাঁড়ায় ৯৪,৭৪০.৬ কোটি টাকা, যা জিডিপি'র ১.৯ শতাংশ। এ সময়ে ব্যাংক ব্যবস্থা থেকে গৃহীত ঋণের পরিমাণ (নীট) ছিল ৮২,৬০৮.৫ কোটি টাকা এবং ব্যাংক-বহির্ভূত উৎস থেকে গৃহীত ঋণের পরিমাণ (সঞ্চয় অধিদপ্তরের স্কীমসহ) ছিল ১২,১৩২.১ কোটি টাকা। ২০২৪-২৫ অর্থবছরে অভ্যন্তরীণ উৎস হতে সরকারের গৃহীত ঋণের (নীট) পরিমাণ দাঁড়িয়েছে ১,১৯,৩৬৫.৪ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছর থেকে ২০২৪-২৫ অর্থবছরের অভ্যন্তরীণ বিভিন্ন উৎস থেকে সরকার কর্তৃক গৃহীত ঋণের গতিধারা সারণি ৪.৯ এবং লেখচিত্র ৪.৩ এ দেখানো হলো।

সারণি-৪.৯: অভ্যন্তরীণ উৎস থেকে গৃহীত সরকারি ঋণের (নীট) গতিধারা

(কোটি টাকায়)

অর্থবছর	ব্যাংক ব্যবস্থা থেকে গৃহীত সরকারের ঋণ (নীট)			ব্যাংক-বহির্ভূত উৎস থেকে গৃহীত সরকারেরঋণ	সরকারের মোট অভ্যন্তরীণ ঋণ	জিডিপি'র# শতকরা অংশ
	বাংলাদেশ ব্যাংক	তফসিলি ব্যাংক	মোট ঋণ			
১	২	৩	৪= (২+৩)	৫	৬= (৪+৫)	৭
২০১৯-২০	৬৫৯২.১	৬৪১২২.৮	৭০৭১৪.৯	২২৯০২.২	৯৩৬১৭.১	৩.০
২০২০-২১	-২৭৬৬৯.৭	৫৩৯৭৩.৭	২৬৩০৪.১	৪৪৩৯০.৬	৭০৬৯৪.৭	২.০
২০২১-২২	৪০২১৭.৩	২৮৪৩৫.	৬৮৬৫২.৩	২৬৯৩১.০	৯৫৫৮৩.২	২.৪

অর্থবছর	ব্যাংক ব্যবস্থা থেকে গৃহীত সরকারের ঋণ (নীট)			ব্যাংক-বহির্ভূত উৎস থেকে গৃহীত সরকারেরঋণ	সরকারের মোট অভ্যন্তরীণ ঋণ	জিডিপি'র* শতকরা অংশ
	বাংলাদেশ ব্যাংক	তফসিলি ব্যাংক	মোট ঋণ			
২০২২-২৩	১০০৬৩০.৪	১৯১৬০.২	১১৯৭৯০.৬	৭৫৩১.৮	১২৭৩২২.৪	২.৮
২০২৩-২৪	৩৮০.১	৮২২২৮.৪	৮২৬০৮.৫	১২১৩২.১	৯৪৭৪০.৬	১.৯
২০২৪-২৫	-৬১৪৬৭.১	১৩৮৫৭৩.৬	৭৭১০৬.৫	৪২২৫৮.৯	১১৯৩৬৫.৪	২.১

উৎস: বাংলাদেশ ব্যাংক। * চলতি বাজার মূল্যে জিডিপি (ভিত্তিবছর ২০১৫-১৬)

লেখচিত্র ৪.৩: অভ্যন্তরীণ উৎস থেকে গৃহীত সরকারি ঋণের (নীট) পরিমাণ



উৎসঃ বাংলাদেশ ব্যাংক

বৈদেশিক সহায়তা/ঋণ

গত ২০২৩-২৪ অর্থবছরে বৈদেশিক সহায়তার পরিমাণ মোট ১০,২৮৩.৪১ মিলিয়ন মার্কিন ডলার। এ সময়ে দায় পরিশোধ ছিল ৩,৩৭২ মিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে সুদ ও আসল বাবদ বরাদ্দ যথাক্রমে ১,৩৫০ মিলিয়ন মার্কিন ডলার এবং ২,০২২ মিলিয়ন মার্কিন ডলার। ফলে নীট বৈদেশিক সহায়তার প্রবাহ দাঁড়িয়েছে ৯১১.৪১ মিলিয়ন মার্কিন ডলার। ২০২৪-২৫ অর্থবছরে বৈদেশিক সহায়তার পরিমাণ দাঁড়ায় ৮,৫৬৮.৪০ মিলিয়ন মার্কিন ডলার এবং নীট বৈদেশিক প্রবাহ দাঁড়ায় ৪,৪৮১.৪৭ মিলিয়ন মার্কিন ডলার। অপরদিকে, জুন ২০২৪ পর্যন্ত মোট দায় পরিশোধ ব্যয় ছিল ৪,০৮৬.৯৩ মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার, যেখানে সুদ পরিশোধ ছিল ১,৪৯১.৮৩ মিলিয়ন মার্কিন ডলার এবং আসল বাবদ পরিশোধের পরিমাণ ছিল ২,৫৯৫.১০ মিলিয়ন মার্কিন ডলার। বাংলাদেশ কর্তৃক বৈদেশিক সহায়তা (ঋণ ও অনুদান) গ্রহণ এবং ঋণের সুদ ও আসল পরিশোধের বিবরণ সারণি ৪.১০-এ সন্নিবেশ করা হলো। লেখচিত্র ৪.৪ তে ২০১৭-১৮ থেকে ২০২৪-২০২৫ অর্থবছরের মধ্যে বাংলাদেশ কর্তৃক বৈদেশিক সহায়তা (ঋণ ও অনুদান) গ্রহণ প্রদর্শিত হবে।

সারণি ৪.১০: বৈদেশিক উৎস থেকে সরকারের ঋণ ও অনুদান গ্রহণ এবং আসল ও সুদ পরিশোধ পরিস্থিতি

(মিলিয়ন মার্কিন ডলার)

অর্থবছর	ঋণ ও অনুদান গ্রহণ			আসল ও সুদ পরিশোধ			নীট বৈদেশিক প্রবাহ	
	অনুদান	ঋণ	মোট	সুদ	আসল	মোট	আসল পরিশোধ পরবর্তী	আসল ও সুদ পরিশোধ পরবর্তী
২০১৭-১৮	৩৮২	৫৯৮৭	৬৩৬৯	২৯৯	১১১০	১৪০৯	৫২৫৯	৪৯৬০
২০১৮-১৯	২৭৯	৬২৬৩	৬৫৪২	৩৯১	১২০২	১৫৯৩	৫৩৪০	৪৯৪৯
২০১৯-২০	২৯৬	৭০৭৪	৭৩৮২	৪৭৭	১২৫৭	১৭৩৪	৬১২৫	৫৬৪৮
২০২০-২১	৫০৯	৭৪৪৮	৭৯৫৭	৪৯৬	১৪১৯	১৯১৫	৬৫৩৮	৬০৪২
২০২১-২২	৬৭৪.৭৭	১০২৯৪.৫২	১০৯৬৯.২৯	৪৯১.২৫	১৫২৬.৭১	২০১৭.৯৬	৮৬৪৬.৫৩	৮১৫৫.২৮
২০২২-২৩	৭১৮.১৮	৯২৯৪.৭১	১০০১২.৮৯	৯২৭.০৮	১৭৪৪.৬৬	২৬৭১.৭৪	৮২৬৮.২৩	৭৩৪১.১৫
২০২৩-২৪	৮০৩.২০	৯৪৮০.২২	১০২৮৩.৪১	১৩৫০	২০২২	৩৩৭২	৮২৬১.৪১	৯১১.৪১
২০২৪-২৫	৪৫৪.৫৬	৮১১৩.৮৪	৮৫৬৮.৪০	১৪৯১.৮৩	২৫৯৫.১০	৪০৮৬.৯৩	৫৯৭৩.৩০	৪৪৮১.৪৭

উৎস: অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

লেখচিত্র ৪.৪: বৈদেশিক সহায়তার গতিধারা

(মিলিয়ন মার্কিন ডলার)



উৎস: অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়। ২০২৪-২০২৫ (প্রত্যাশিত)

সংযোজনী ৪.১

২০২৪-২৫ অর্থবছরে বাজেটে আনীত শুল্ক-কর সংক্রান্ত উল্লেযোগ্য পদক্ষেপের বিবরণী:

আর্থিক সংস্কার ও সুশাসন সংক্রান্ত কার্যক্রম:

মুল্য সংযোজন কর বিষয়ক:

জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন রাজস্ব আদায়ের অন্যতম খাত আমদানি পর্যায়ের শুল্ক কর। ২০২৪-২৫ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ডের মোট রাজস্ব লক্ষ্যমাত্রা ছিল ৪,৬৩,৫০০ কোটি টাকা যার মধ্যে কাস্টমস খাতে রাজস্ব লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ১,২০,৫১০ কোটি টাকা যা মোট রাজস্বের ২৬ শতাংশ। উল্লিখিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হয়ঃ

তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসারের জন্য ইতোমধ্যে গৃহীত ও গৃহীতব্য কার্যক্রম:

(ক) অনলাইনে শুল্ক কর পরিশোধ বাধ্যতামূলককরণ, পণ্য আমদানির পূর্বেই মেনিফেস্ট দাখিলসহ নানাবিধ অটোমেশন কার্যক্রম গ্রহণ করা হয়;

(খ) স্থানীয় কম্পিউটার/আইসিটি হার্ডওয়্যার শিল্পের প্রয়োজনীয় ক্যাপিটাল মেশিনারীজ ও খুচরা যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে শুল্ক সুবিধা প্রদান করে প্রজ্ঞাপন জারি করা হয়;

(গ) সকল কাস্টমস হাউস গুলোতে বর্তমানে সর্বমোট ০৯ (নয়) টি কন্টেইনার স্ক্যানার স্থাপিত রয়েছে। তাছাড়াও বর্তমানে কাস্টমস হাউস, চট্টগ্রামে নতুনভাবে ০৩ (তিন) টি কন্টেইনার স্ক্যানার স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। উক্ত স্ক্যানারসমূহ স্থাপনের ফলে মিথ্যা ঘোষণা হ্রাস পেয়েছে এবং আমদানি রপ্তানি কার্যক্রম ত্বরান্বিত হয়েছে;

(ঘ) ২০১৯ সাল হতে জাতীয় রাজস্ব বোর্ড Bangladesh National Single Window (NSW) প্রকল্প বাস্তবায়ন শুরু করেছে। বর্তমানে NSW Platform অংশীদার ১৯টি সংস্থার সকলেই বর্তমানে এই প্লাটফর্মের সাথে সংযুক্ত রয়েছে এবং Certificate Licnese Permit (CLP) ইস্যু করছে। Platform এর সাথে সংযুক্ত সংস্থাগুলোর মধ্যে আন্ত: সংযোগ স্থাপনের মাধ্যমে তথ্য-উপাত্ত আদান প্রদান করে আমদানি-রপ্তানি পণ্য খালাস প্রক্রিয়া দ্রুততর হচ্ছে। পাশাপাশি Paperless Trade বাস্তবায়নে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে বিবেচিত হচ্ছে।

সাম্প্রতিকালে গৃহীত নীতি:

(ক) দেশীয় শিল্পের বিকাশ এবং অন্যান্য ক্ষেত্রে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে:

১। স্থানীয়ভাবে ইলেকট্রিক মোটর উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানের প্রয়োজনীয় উপকরণ আমদানির ক্ষেত্রে শুল্ক সুবিধা প্রদান করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

২। স্থানীয়ভাবে এলপিজি সিলিন্ডার ও অটো ট্যাঙ্ক প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান করে সংশোধিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

৩। স্থানীয়ভাবে লিফট প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক উপকরণ আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান করে সংশোধিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

৪। তাঁত শিল্প কর্তৃক কাঁচামাল আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান করে সংশোধিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

৫। শিল্পখাতের প্ল্যান্ট, মেশিনারি বা মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে শুল্ক ও কর এর রেয়াতি সুবিধা প্রদান সংক্রান্ত নীতিমালা সংশোধন করে জারি করা হয়েছে;

৬। সেলুলার ফোন উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান কর্তৃক উপকরণ বা কাঁচামাল আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান করে সংশোধিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

৭। মোটরসাইকেলের স্থানীয় উৎপাদনকে উৎসাহিত করার লক্ষ্যে উক্ত শিল্পের কাঁচামাল আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন সংশোধন করে জারি করা হয়েছে;

৮। স্থানীয়ভাবে জেনারেটর প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক উপকরণ আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন সংশোধন করে জারি করা হয়েছে;

৯। স্থানীয় ঔষধ শিল্প কর্তৃক কাঁচামাল আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন সংশোধন করে জারি করা হয়েছে;

১০। ক্যান্সারের ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক উপকরণ আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন সংশোধন করে জারি করা হয়েছে;

১১। অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত শিল্প ইউনিট কর্তৃক মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ এবং উপকরণ আমদানি রেয়াতি সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন সংশোধন করে জারি করা হয়েছে;

১২। পোল্ট্রি শিল্পে যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন সংশোধন করে জারি করা হয়েছে;

১৩। আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে জাহাজ ও ড্রেজার নির্মাণে ব্যবহার্য কাঁচামাল শুল্কমুক্ত সুবিধায় আমদানি সুবিধা সংক্রান্ত বিধিমালা জারী করা হয়েছে;

১৪। যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০২৪ জারী করা হয়েছে;

(খ) দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা বিষয়ে গৃহীত কার্যক্রমঃ

সাধারণ শুল্ক-কর মুক্ত সুবিধায় সুরক্ষা সামগ্রী আমদানি সুবিধা প্রদান ছাড়াও বিভিন্ন জনহিতকর দাতব্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত ঔষধ, চিকিৎসা সামগ্রী ও যন্ত্রপাতিকে বিশেষ মওকুফ আদেশ জারী করা হয়। উল্লেখযোগ্য প্রতিষ্ঠানের মধ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, এনজিও প্রতিষ্ঠান CANBE, অরুনাচল ট্রাস্ট, বাংলাদেশ পুলিশ, গণস্বাস্থ্য কেন্দ্র, Jack Ma ফাউন্ডেশন, এসএসএফ, UNOPS), বাংলাদেশ ডাক বিভাগ, Save the Children সহ অনেক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে বিশেষ শুল্ক-কর মওকুফ সুবিধা প্রদান করা হয়।

(গ) ২০২৪-২৫ অর্থবছরে প্রণীত উল্লেখযোগ্য নীতি, আইন ও পরিকল্পনাঃ

বিগত ০৬ জুন, ২০২৪ খ্রি. তারিখ হতে কাস্টমস আইন, ২০২৩ কার্যকর হয়েছে। উক্ত আইনের ধারা ২৬৮ অনুসারে এ আইন কার্যকর হবার পর সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এ আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করার বাধ্যবাধকতা রয়েছে। সে অনুযায়ী কাস্টমস আইন, ২০২৩ এর ইংরেজি নির্ভরযোগ্য পাঠ প্রজ্ঞাপনটি চূড়ান্তকরণের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।

২০২৪-২৫ অর্থবছরে বাজেটে আনীত আয়কর সংক্রান্ত উল্লেযোগ্য পদক্ষেপের বিবরণী:

বর্ণিত নীতি নির্ধারণী ভিত্তির আলোকে ২০২৪-২৫ অর্থ বছরের জন্য যে উল্লেযোগ্য পরিবর্তন আনা হয়েছে সেগুলোর সূচক ভিত্তিক আলোচনা নিম্নরূপ:

১। **স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার শ্রেণির করদাতার করহার:**

(ক) স্বাভাবিক ব্যক্তি করদাতা, হিন্দু অবিভক্ত পরিবার ও ফার্মের ২০২৪-২০২৫ করবর্ষের জন্য করহারঃ

মোট আয়	হার
(ক) প্রথম ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --	শূন্য
(খ) পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --	৫%
(গ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --	১০%
(ঘ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --	১৫%
(ঙ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর--	২০%
(চ) অবশিষ্ট মোট আয়ের উপর --	২৫%

(খ) একই সাথে তৃতীয় লিঙ্গের করদাতা, মহিলা করদাতা, ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতা, প্রতিবন্ধী ব্যক্তি (person with disability) করদাতা এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার ক্ষেত্রে ২০২৪-২০২৫ করবর্ষের জন্য করমুক্ত আয়ের সীমা নিম্নরূপঃ

করমুক্ত করদাতার প্রকৃতি	করমুক্ত আয়ের সীমা
মহিলা ও ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতা	৪ লক্ষ টাকা
প্রতিবন্ধী ব্যক্তি করদাতা	৪ লক্ষ ৭৫ হাজার টাকা
গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা	৫ লক্ষ টাকা
তৃতীয় লিঙ্গ করদাতা	৪ লক্ষ ৭৫ হাজার টাকা
কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের ক্ষেত্রে এরূপ প্রত্যেক সন্তান/পোষ্যের জন্য করমুক্ত সীমা ৫০,০০০/- টাকা বেশী।	

০২। **ট্রাস্ট, তহবিল, ব্যক্তিসংঘ, সমবায় সমিতি এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়সহ কতিপয় করদাতাদের জন্য ২০২৪-২০২৫ করবর্ষের করহার নিম্নরূপ:**

(১)	কোম্পানি এবং ব্যক্তি-সংঘ নয়, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এরূপ অন্যান্য সকল করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর-	উক্ত আয়ের ৩০%
(২)	কোম্পানি নয়, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক এরূপ করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর প্রযোজ্য কর-	উক্ত আয়ের ৪৫%
(৩)	কোম্পানি নয়, ট্রাস্ট, তহবিল, ব্যক্তিসংঘ এবং অন্যান্য করারোপযোগ্য সত্তার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর-	উক্ত আয়ের ২৭.৫%: তবে শর্ত থাকে যে, বিবেচ্য আয়বর্ষে সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ৩৬ (ছত্রিশ) লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করলে উপরিউক্ত করহার উক্ত আয়ের ২৫% হবে

(৪)	সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) অনুযায়ী নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর-	উক্ত আয়ের ২০%
(৫)	বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিক্যাল কলেজ, বেসরকারি ডেন্টাল কলেজ, বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ বা কেবলমাত্র তথ্যপ্রযুক্তি বিষয়ে শিক্ষাদানে নিয়োজিত বেসরকারি কলেজ এর উদ্ভূত আয়ের উপর প্রযোজ্য কর-	উক্ত আয়ের ১৫%

০৩। **কোম্পানির জন্য ২০২৪-২০২৫ করবর্ষের করহার নিম্নরূপ:**

কোম্পানির বর্ণনা	প্রযোজ্য করহার	*শর্ত পরিপালনে করহার
পাবলিকলি ট্রেডেড কোম্পানি যাদের পরিশোধিত মূলধনের ১০% এর অধিক শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তরিত হয়েছে	২২.৫%	২০%
পাবলিকলি ট্রেডেড কোম্পানি যাদের পরিশোধিত মূলধনের ১০% বা ১০% এর কম শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তরিত হয়েছে	২৫%	২২.৫%
আয়কর আইন, ২০২৩ এ সংজ্ঞায়িত কোম্পানিসমূহের মধ্যে যারা পাবলিকলি ট্রেডেড নয়	২৭.৫%	২৫%
এক ব্যক্তি কোম্পানি	২২.৫%	২০%
পাবলিকলি ট্রেডেড-ব্যাংক, বীমা ও ফাইন্যান্স কোম্পানি (মার্চেন্ট ব্যাংক ব্যতীত)	৩৭.৫%	শর্ত প্রযোজ্য নয়
পাবলিকলি ট্রেডেড নয় এরূপ-ব্যাংক, বীমা ও ফাইন্যান্স কোম্পানি (মার্চেন্ট ব্যাংক ব্যতীত)	৪০%	শর্ত প্রযোজ্য নয়
মার্চেন্ট ব্যাংক	৩৭.৫%	শর্ত প্রযোজ্য নয়
সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী কোম্পানি	৪৫%	শর্ত প্রযোজ্য নয়
পাবলিকলি ট্রেডেড মোবাইল ফোন অপারেটর কোম্পানি যদি তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ১০% শেয়ার, যার মধ্যে Pre-Initial Public Offering Placement ৫% এর অধিক থাকতে পারবে না	৪০%	শর্ত প্রযোজ্য নয়
পাবলিকলি ট্রেডেড নয় এমন মোবাইল ফোন কোম্পানি	৪৫%	শর্ত প্রযোজ্য নয়
শর্ত: বিবেচ্য আয়বর্ষে সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ৩৬ (ছত্রিশ) লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করতে হবে।		

০৪। **স্বাভাবিক ব্যক্তি করদাতার ক্ষেত্রে, আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৬৭ অনুযায়ী পরিসম্পদ ও দায়ের বিবরণীতে প্রদর্শিত নিম্নবর্ণিত সম্পদের ভিত্তিতে, এই অনুচ্ছেদ এর অধীন সারচার্জ পরিগণনার পূর্বে পরিবেশ সারচার্জ ব্যতীত নির্ধারিত প্রদেয় করের উপর সারচার্জ হার নিম্নরূপ:**

সম্পদ	সারচার্জের হার
(ক) নীট পরিসম্পদের মূল্যমান চার কোটি টাকা পর্যন্ত-	শূন্য
(খ) নীট পরিসম্পদের মূল্যমান চার কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নয়; বা, নিজ নামে একের অধিক মোটর গাড়ি বা, মোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি	১০%
(গ) নীট পরিসম্পদের মূল্যমান দশ কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নয়-	২০%
(ঘ) নীট পরিসম্পদের মূল্যমান বিশ কোটি টাকার অধিক কিন্তু পঞ্চাশ কোটি টাকার অধিক নয়-	৩০%
(ঙ) নীট পরিসম্পদের মূল্যমান পঞ্চাশ কোটি টাকার অধিক হলে	৩৫%

০৫। **বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, অটোরিকশা ও মোটর সাইকেল ব্যতীত অন্যান্য মোটরযান হতে পরিবেশ সারচার্জ সংগ্রহ:**

(ক) কোনো স্বাভাবিক ব্যক্তির একাধিক মোটর গাড়ি থাকলে তার একের অধিক প্রত্যেকটি গাড়ির জন্য নিম্নবর্ণিত সারণীতে উল্লিখিত হারে পরিবেশ সারচার্জ পরিশোধ করতে হবে, যথা:-

ক্রমিক নং	মোটর গাড়ির বর্ণনা	পরিবেশ সারচার্জের হার (টাকায়)
(১)	(২)	(৩)
১।	১৫০০ সিসি বা ৭৫ কিলোওয়াট পর্যন্ত প্রতিটি মোটর গাড়ির জন্য	২৫,০০০
২।	১৫০০ সিসি বা ৭৫ কিলোওয়াটের অধিক কিন্তু ২০০০ সিসি বা ১০০ কিলোওয়াটের অধিক নয় এমন প্রতিটি মোটর গাড়ির জন্য	৫০,০০০
৩।	২০০০ সিসি বা ১০০ কিলোওয়াটের অধিক কিন্তু ২৫০০ সিসি বা ১২৫ কিলোওয়াটের অধিক নয় এমন প্রতিটি মোটর গাড়ির জন্য	৭৫,০০০
৪।	২৫০০ সিসি বা ১২৫ কিলোওয়াটের অধিক কিন্তু ৩০০০ সিসি বা ১৫০ কিলোওয়াটের অধিক নয় এমন প্রতিটি মোটর গাড়ির জন্য	১,৫০,০০০
৫।	৩০০০ সিসি বা ১৫০ কিলোওয়াটের অধিক কিন্তু ৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াটের অধিক নয় এমন প্রতিটি মোটর গাড়ির জন্য	২,০০,০০০
৬।	৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াটের অধিক এমন প্রতিটি মোটর গাড়ির জন্য	৩,৫০,০০০

০৬। **উৎসে করহার যৌক্তিকীকরণ:**

(ক) নিত্য প্রয়োজনীয় দ্রব্যের উৎসে কর কর্তন কমানো (যেমন- ধান, চাল, গম, আলু, মাছ, মাংস, পিঁয়াজ, রসুন, মটর, ছোলা, মসুর, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভূট্টা, আটা, ময়দা, লবণ, ভোজ্যতেল, চিনি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে উৎসে কর কর্তনের বিদ্যমান হার ২% হতে কমিয়ে ১% নির্ধারণ করা হয়েছে);

(খ) গুঁড়ো দুধ, অ্যালুমিনিয়াম পণ্য, সিরামিক পণ্য হতে উৎসে কর সংগ্রহের হার যৌক্তিকীকরণপূর্বক উক্তরূপ কর্তিত কর ন্যূনতম কর হিসেবে নির্ধারণ করা হয়েছে;

(গ) ফল ও ফুল আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে উৎসে করহার ৫% হতে বৃদ্ধি করে ১০% নির্ধারণ করা হয়েছে;

(ঘ) ফ্রেইট ফরওয়ার্ড এজেন্সির আয় হতে উৎসে কর কর্তন হ্রাস করা হয়েছে;

(ঙ) কোনো সেলুলার মোবাইল ফোন অপারেটর কর্তৃক পরিশোধিত আয় বন্টন বা কোনো লাইসেন্স ফি বা অন্য কোনো ফি বা চার্জ হতে কর কর্তন করার হার বৃদ্ধি করা হয়েছে;

(চ) ট্রাস্ট, ব্যক্তিসংঘ, কোম্পানির ক্ষেত্রে সুদ আয় হতে ২০% হারে এবং প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান, চার্টার্ড অ্যাকাউন্টেন্ট বা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেট বা চার্টার্ড সেক্রেটারীজ ইনস্টিটিউটের ক্ষেত্রে সুদ আয় হতে ১০% হারে কর নির্ধারণ করা হয়েছে;

(ছ) ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর অধীনে ইট প্রস্তুত বা উৎপাদনের লাইসেন্স প্রদান বা নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি কর্তৃক লাইসেন্স প্রদান বা নবায়নের ক্ষেত্রে কর সংগ্রহের বিধান যৌক্তিকীকরণ করা হয়েছে।

০৭। **করজাল সম্প্রসারণ:**

(ক) উৎসে কর কর্তন বা সংগ্রহের নিমিত্ত রিসোর্ট, মোটেল, রেস্টুরেন্ট, কনভেনশন সেন্টারকে নির্দিষ্ট ব্যক্তির সংজ্ঞায় অন্তর্ভুক্ত করা হয়েছে;

(খ) হোটেল, রেস্টুরেন্ট, মোটেল, হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টারসমূহের লাইসেন্স প্রাপ্তি ও নবায়নকালে এবং কমিউনিটি সেন্টার, কনভেনশন হল বা সমজাতীয় কোনো সেবা গ্রহণকালে রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপনের বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে;

(গ) ব্যবসা স্থানে রিটার্ন দাখিলের প্রমাণ প্রদর্শনের ব্যর্থতায় অন্যূন ২০ হাজার টাকা এবং অনধিক ৫০ হাজার টাকা জরিমানার বিধান করা হয়েছে।

০৮। **কর অব্যাহতি যৌক্তিকীকরণ:**

কর অব্যাহতি যৌক্তিকীকরণ এর জন্য নিম্নরূপ বিধান করা হয়েছে:

(ক) কর অব্যাহতি প্রাপ্ত কোন ব্যক্তি তার কর অব্যাহতি পূর্ণাঙ্গ বা আংশিকভাবে সমর্পণপূর্বক নিয়মিত হারে কর পরিশোধ করতে পারবেন;

(খ) হাই-টেক পার্কের সুবিধা কেবল সরকারি হাই-টেক পার্কে সীমাবদ্ধ করা এবং অর্থনৈতিক অঞ্চলসমূহের ক্ষেত্রেও একই ব্যবস্থা গ্রহণ;

(গ) কোনো ব্যক্তি কোনো একটি উৎসের আয়ের বিপরীতে কোনো নির্দিষ্ট মেয়াদে কর অব্যাহতি প্রাপ্ত হলে উক্তরূপ উৎসের আয়ের বিপরীতে পুনরায় অন্য কোনোভাবে অন্য কোনো মেয়াদে কর অব্যাহতি প্রাপ্ত হবেন না এবং উক্তরূপ কোনো ব্যক্তি কোনো প্রকারের মার্জার, ডিমার্জার ও অধিগ্রহণের মাধ্যমে পুনর্গঠিত হলেও উক্তরূপ কর অব্যাহতি প্রাপ্ত হবে না;

(ঘ) পেট্রোলিয়াম ও মিনারেল উত্তোলনে নিয়োজিত কোম্পানিসমূহের নিঃশেষ ভাতা অননুমোদন।

২০২৪-২০২৫ অর্থবছরের বাজেটে আইসিটি বিষয়ক উল্লেখযোগ্য পরিবর্তনসমূহ:

১। কাস্টমস ঝুঁকি পর্যালোচনা করার লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে Advanced Selectivity Module সংযুক্ত করা হয়েছে।

২। আইবাস++ এর এ-চালানের সঙ্গে আন্ত:সংযোগ স্থাপনের মাধ্যমে ০৬ টি কাস্টম হাউস এর সকল প্রকার শুল্ক-করাদি পরিশোধের ব্যবস্থা করা হয়েছে।

৩। আইবাস++ এর এ-চালানের সঙ্গে আন্ত:সংযোগ স্থাপনের মাধ্যমে ০৬ টি কাস্টম হাউস এর সকল প্রকার শুল্ক-করাদি পরিশোধের ব্যবস্থা করা হয়েছে।

৪। অর্থ বিভাগের এ চালান সিস্টেমের মাধ্যমে Over the Counter (OTC) এ ভ্যাটের পেমেন্ট প্রদানের জন্য iVAS সিস্টেমের সঙ্গে এ চালান সিস্টেমের আন্ত:সংযোগ স্থাপনের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

৫। ভ্যাট সফটওয়্যার ব্যবহারকারী বিভিন্ন প্রতিষ্ঠান সরাসরি iVAS সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে রিটার্ণ দাখিল করার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

৬। আয়কর আইন, ২০২৩ অনুযায়ী ২৫টি কর অঞ্চলের অধিক্ষেত্র ই-টিআইএন সিস্টেমে স্থাপন করা হয়েছে।

৭। সকল পর্যায়ের করদাতাগণের জন্য আয়কর রিটার্ণ দাখিল সংক্রান্ত আধুনিক ও যুগোপযোগি ই-রিটার্ণ সিস্টেম চালু করা হয়েছে।

৮। ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো সিস্টেম এর মাধ্যমে বর্তমানে ১৯ টি সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থা ৯০ ধরণের Certificates, Licenses, and Permits (CLPs) দাখিল করছেন।

৯। বন্ড সংশ্লিষ্ট সকল কার্যক্রম অটোমেশন করার লক্ষ্যে Customs Bond Management System (CBMS) চালু করা হয়েছে।

সংযোজনী ৪.২
এক নজরে বাজেট

(কোটি টাকায়)

বিবরণ	সংশোধিত বাজেট	বাজেট	হিসাব
	২০২৪-২০২৫	২০২৪-২০২৫	২০২৩-২০২৪
রাজস্ব প্রাপ্তি ও বৈদেশিক অনুদান			
রাজস্ব প্রাপ্তি	**৫১৮০০০**	**৫৪১০০০**	**৪০১১৯১১**
করসমূহ	৪৭৮০০০	৪৯৫০০০	৩৬৯৩১৯
জাতীয় রাজস্ব বোর্ড নিয়ন্ত্রণাধীন করসমূহ	৪৬৩৫০০	৪৮০০০০	৩৬১৪৫২
জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত করসমূহ	১৪৫০০	১৫০০০	৭৮৬৭
কর ব্যতীত প্রাপ্তি	৪০০০০	৪৬০০০	৪২৫৯২
বৈদেশিক অনুদান	**৪৪০০**	**৪৪০০**	**৪৬৬১**
মোট	**৫২২৪০০**	**৫৪৫৪০০**	**৪১৬৫৭২**
ব্যয়			
পরিচালন ব্যয়	**৫০৬০০২**	**৫০৬৯৭১**	**৪১২২৪৬**
আবর্তক ব্যয়	৪৮২৮৭৬	৪৬৮৯৮৩	৩৯৮০১০
এর মধ্যে সুদ			
অভ্যন্তরীণ ঋণের সুদ	৯৯৫০০	৯৩০০০	১১৪৫৯০
বৈদেশিক ঋণের সুদ	২২০০০	২০৫০০	৯৯৬০৬
মূলধন ব্যয়	২৩১২৬	৩৭৯৮৯	১৪৯৮৪
খাদ্য হিসাব	১০০৮	১১৯	-১২৮৭
ঋণ ও অগ্রিম (নীট)	৫৩৯১	৮৪৫৭	-৮৫৮২
উন্নয়ন ব্যয়	**২৩১৫৯৯**	**২৮১৪৫৩**	**২০৯০৯০**
স্কিম	৪৬৫৩	৪৯৪৩	৪২৫০
এডিপি বহির্ভূত বিশেষ প্রকল্প	৮৯৭১	৭৬২৭	৭১১২
বার্ষিক উন্নয়ন কর্মসূচি	২১৬০০০	২৬৫০০০	১৯৫২৩৪
কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি (এডিপি বহির্ভূত) ও স্থানান্তর	২৫৭৫	২৮৮৪	২৪৯৪
মোট-ব্যয়	**৭৪৪০০০**	**৭৯৭০০০**	**৬১১৪৬৭**
সামগ্রিক ঘাটতি (অনুদানসহ)	**-২২১৬০০**	**-২৫৬০৩৩৩**	**-১৯৪৮৯৫**
(জিডিপির শতকরা হার)	-৪.০	-৪.৫	-৩.৯
সামগ্রিক ঘাটতি (অনুদান ব্যতীত)	**-২২৬০০০**	**-২৫৬০০০**	**-১৯৯৫৫৬**
(জিডিপির শতকরা হার)	-৪.১	-৪.৬	-৪.০
অর্থ সংস্থান			
বৈদেশিক ঋণ-নীট	**১০৪৬০০**	**৯০৭০০**	**৭৫৯১৭**
বৈদেশিক ঋণ	১৩৮১০০	১২৭২০০	৯৮৩৬৬
বৈদেশিক ঋণ পরিশোধ	-৩৩৫০০	-৩৬৫০০	-২২৪৪৯
অভ্যন্তরীণ ঋণ	**১১৭০০০**	**১৬০৯০০**	**১১৮৯১৫**
ব্যাংকিং ব্যবস্থা হতে অর্থায়ন (নীট)	৯৯০০০	১৩৭৫০০	১২৩৮৪৭
দীর্ঘমেয়াদি ঋণ (নীট)	১১৪১৬৩	৭২৬৮২	৭৭০৯৬
স্বল্পমেয়াদি ঋণ (নীট)	-১৫১৬৩	৬৪৮১৮	৪৬৭৫০
ব্যাংক বহির্ভূত ঋণ (নীট)	১৮০০০	২৩৪০০	-৪৯৩২
জাতীয় সঞ্চয় কার্যক্রম (নীট)	১৪০০০	১৫৪০০	-১৭৯৯৯
অন্যান্য (নীট)	৪০০০	৮০০০	১৩০৬৭
মোট অর্থসংস্থান	**২২১৬০০০**	**২৫১৬০০**	**১৯৪৮৩১**
মেমোরেন্ডাম আইটেম: জিডিপি:	**৫৫৫২৭৫৩**	**৫৫৯৭৪১৪**	**৫০০২৬৫৪**